দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 23 1999 ... ...
পৃষ্ঠা ২ কলাম ১......



## প্রধান শিক্ষিকাকে বরখাস্তের প্রতিবাদে শ্রেণীকক্ষ ও অফিসে তালা

নেত্রকোনা সংবাদদাতা ।। প্রধান শিক্ষিকাকে বরখাস্তকে কেন্দ্র করিয়া নেত্রকোনা জাহানারা স্মৃতি বালিকা বিদ্যালয়ের পরিবেশ অশান্ত হইয়া উঠিয়াছে। গতকাল (শনিবার) প্রধান শিক্ষিকা কুলসুম-এ খাতুনের পুনর্বহালের দাবী জানাইয়া বিদ্যালয়ের ছাত্রীরা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের অফিসসহ বিদ্যালয়ের সকল শ্রেণীকক্ষে তালা লাগাইয়া দেয়। ফলে গতকাল বিদ্যালয়ে শ্রেণীকক্ষে কোন শিক্ষক প্রবেশ করিতে পারে নাই এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকও তাহার অফিসে যাইতে পারেন নাই। ছাত্রীরা জানাইয়াছে যে, প্রধান শিক্ষিকা পুনর্বহাল না হওয়া পর্যন্ত তাহারা বিদ্যালয়ের শ্রেণী কক্ষসমূহের তালা খুলিবে না এবং ধর্মঘট অব্যাহত রাখিবে। এইদিকে বিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি অভিভাবকদের জ্ঞাত করার জন্য জেলা প্রশাসন আগামী ২৬শে মে অভিভাবক সমাবেশের আয়োজন করিয়াছে।